



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৩

১৫ মে ২০২৪
তারিখ: -----
০১ জ্যৈষ্ঠ ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

Single Borrower and Large Loan Exposure Limit

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০১ তারিখ: ১৬ জানুয়ারি ২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। সূত্রোক্ত সার্কুলারের অনুচ্ছেদ 2(A) ও 2(B)-এর মাধ্যমে যথাক্রমে ব্যাংকের একক গ্রাহক/গ্রুপ ও বৃহদাংক ঋণ সীমা পুনঃনির্ধারণ করা হয় যা ০১ এপ্রিল ২০২২ তারিখ হতে কার্যকর হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী যে সকল গ্রাহকের নির্ধারিত একক গ্রাহক ঋণ সীমা অতিক্রম করেছিল, সে সকল গ্রাহককে ৩১ ডিসেম্বর ২০২২ (বিদ্যুৎ খাতের ক্ষেত্রে ৩১ ডিসেম্বর ২০২৩) তারিখের মধ্যে গৃহীত ঋণ নির্ধারিত সীমার মধ্যে নামিয়ে আনার নির্দেশনা প্রদান করা হয়।
- ৩। সম্প্রতি কতিপয় ব্যাংক কর্তৃক একক গ্রাহক/গ্রুপের ঋণের ঊর্ধ্বসীমা শিথিল করার জন্য আবেদন দাখিল করা হচ্ছে যা সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে প্রদত্ত নির্দেশনার পরিপন্থী। বর্ণিত প্রেক্ষাপটে বৃহৎ ঋণ ঝুঁকি হ্রাস, কর্পোরেট সুশাসন সমুল্লত রাখা এবং ঋণ বিতরণে উত্তম চর্চা নিশ্চিতকরণের মাধ্যমে ব্যাংকিং খাতের স্থিতিশীলতা বজায় রাখার লক্ষ্যে একক গ্রাহক ঋণ সীমা (Single Borrower Exposure Limit) কোনক্রমেই অতিক্রম না করার বিষয়ে নির্দেশনা প্রদান করা যাচ্ছে। এতদ্ব্যতীত, বৃহদাংক ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রুপের আওতা নির্ধারণে সূত্রোক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
- ৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২